# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৬৪

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ যিনি কুরআন পাঠে অভিজ্ঞ তাঁর প্রতি মহান আল্লাহ অনুগ্রহ করবেন এভাবে যে, তিনি আমলনামা লিপিকার ফেরেস্তাদের সাথে থাকবেন আর যার উপর কুর‘আন পাঠ কষ্টকর তাকে তিনি দ্বিগুণ সাওয়াব দান করে অনুগ্রহ করবেন

ذِكْرُ تَفَضُّلِ اللَّهِ جَلَّ وَعَلَا عَلَى الْمَاهِرِ بِالْقُرْآنِ بِكَوْنِهِ مَعَ السَّفَرَةِ وَعَلَى مَنْ يَصْعُبُ عَلَيْهِ قِرَاءَتُهُ بِتَضْعِيفِ الْأَجْرِ لَهُ

---

আরবী

764 - أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعٍ حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ حَدَّثَنَا وَكِيعٌ عَنْ هِشَامٍ الدَّسْتُوَائِيِّ عَنْ قَتَادَةَ عَنْ زُرَارَةَ بْنِ أَوْفَى عَنْ سَعْدِ بْنِ هِشَامٍ عَنْ عَائِشَةَ قَالَتْ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَثَلُ الَّذِي يَقْرَأُ الْقُرْآنَ وَهُوَ مَاهِرٌ به مع السفرة الكرام البررة والذي يقرأه وهو يشتد عليه له أجران)

الراوي : عَبْد اللَّهِ ابْن عَمْرٍو | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان.

الصفحة أو الرقم: 764 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৭৬৪. ‘আয়িশা রাদ্বিয়াল্লাহু তা‘আলা আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যে ব্যক্তি কুর‘আনে পাঠে অভিজ্ঞ, তিনি আমলনামা লিপিকার পূণ্যবান, সম্মানিত ফেরেস্তাদের সাথে থাকবেন আর যিনি কুর‘আন পড়েন অথচ কুর‘আন পাঠ করা তার জন্য কষ্টকর, তার জন্য রয়েছে দ্বিগুণ সাওয়াব।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/৪৯০; সহীহ মুসলিম: ৭৯৮; মুসনাদ আহমাদ: ৬/১৯২; আত তায়ালিসী: ২/২-৩; আবূ দাঊদ: ১৪৫৪; তিরমিযী: ২৯০৪; দারেমী: ২/৪৪৪; বাগাবী, শারহুস সুন্নাহ: ১১৭৪; সহীহ আল

বুখারী: ৪৯৩৭; সহীহ মুসলিম: ৭৯৮;ইবনু মাজাহ: ৩৭৭৯; সুনান বাইহাকী: ২/৩৯৫।

আল্লামা শু‘আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১৩০৭।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89267

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন